

(৩) কাউন্সিল উপ-ধারা (২) এর অধীন নিবন্ধিত ভেটেরিনারি প্র্যাকটিশনারদের নাম ও এতদসংক্রান্ত প্রয়োজনীয় তথ্য একটি নিবন্ধন বহিতে অন্তর্ভুক্ত করিবে এবং উহা প্রকাশ ও সংরক্ষণ করিবে।

(৪) নিবন্ধিত ভেটেরিনারি প্র্যাকটিশনার কর্তৃক প্রতি ৪ (চার) বৎসর অন্তর অন্তর নির্ধারিত পদ্ধতিতে তাহার নিবন্ধন নবায়ন করিতে হইবে।

(৫) কোনো নিবন্ধিত ভেটেরিনারি প্র্যাকটিশনার ভেটেরিনারি বিষয়ে কোনো অতিরিক্ত শিক্ষাগত যোগ্যতা বা সনদ অর্জন করিলে কাউন্সিল তাহার আবেদনের প্রেক্ষিতে নিবন্ধন বহিতে তাহার নামের বিপরীতে উক্তরূপ যোগ্যতা অন্তর্ভুক্ত করিবে।

(৬) নিবন্ধন বহি Evidence Act, 1872 (Act No. I of 1872) এর অধীন সরকারি দলিল বলিয়া গণ্য হইবে।

২০। সনদ প্রদান, ইত্যাদি।—(১) কাউন্সিল, ধারা ১৯ এর অধীন নিবন্ধিত ভেটেরিনারি প্র্যাকটিশনার ও ধারা ২৫ এর অধীন নিবন্ধিত প্যারাভেটদের নির্ধারিত পদ্ধতিতে সনদ প্রদান করিবে।

(২) এই আইন প্রবর্তনের পূর্বে Bangladesh Veterinary Practitioners Ordinance, 1982 এর অধীন নিবন্ধিত ভেটেরিনারি প্র্যাকটিশনারদের নিবন্ধন এই ধারার অধীন প্রদত্ত সনদ বলিয়া গণ্য হইবে।

(৩) বিধি, প্রবিধান, নীতিমালা প্রণীত না হওয়া পর্যন্ত কাউন্সিল সনদ প্রদানের বিষয়ে সরকারি গেজেট প্রজ্ঞাগনের মাধ্যমে প্রয়োজনীয় আদেশ জারি করিতে পারিবে।

২১। নিবন্ধিত ভেটেরিনারি প্র্যাকটিশনারের তালিকা প্রকাশ।—রেজিস্টার প্রতি বৎসর নিবন্ধিত ভেটেরিনারি প্র্যাকটিশনারের নাম, ঠিকানা, ভেটেরিনারি বিষয়ে স্বীকৃত শিক্ষাগত যোগ্যতা ও উক্তরূপ যোগ্যতা অর্জনের তারিখ উল্লেখ করিয়া সরকারি গেজেটে এবং কাউন্সিলের ওয়েবসাইটে হালনাগাদ তালিকা প্রকাশ করিবেন।

২২। নিবন্ধিত ভেটেরিনারি প্র্যাকটিশনারের দায়িত্ব ও কর্তব্য, ইত্যাদি।—নিবন্ধিত ভেটেরিনারি প্র্যাকটিশনারগণ প্রবিধান দ্বারা নির্ধারিত দায়িত্ব ও কর্তব্য নৈতিকতার সহিত পালন করিবে।

২৩। নিবন্ধিত ভেটেরিনারি প্র্যাকটিশনারের বিশেষাধিকার।—(১) শুধুমাত্র নিবন্ধিত ভেটেরিনারি প্র্যাকটিশনার সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত, বে-সরকারি বা কোনো স্থানীয় কর্তৃপক্ষের সহায়তায় পরিচালিত ভেটেরিনারি প্রতিষ্ঠান, হাসপাতাল, উষ্ণধ ও খাদ্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান বা আণি জবাইখানায় ভেটেরিনারি বিষয়ক কোনো পদে নিয়োগলাভের যোগ্য হইবেন।

(২) কোনো নিবন্ধিত ভেটেরিনারি প্র্যাকটিশনারগণ তাহাদের নামের সহিত “ডাক্তার” বা “ডাঃ” উপাধি ব্যবহার করিতে এবং তদকর্তৃক প্রদত্ত সেবার জন্য কাউন্সিল কর্তৃক নির্দিষ্টকৃত ফি গ্রহণ করিতে পারিবেন।

(৩) আপাততঃ বলবৎ কোনো আইনের অধীন ভেটেরিনারি স্বাস্থ্য সনদ বা ভেটেরিনারি বিষয়ক অন্য কোনো সনদ স্বাক্ষর বা সত্যায়নের প্রয়োজন হইলে, শুধুমাত্র নিবন্ধিত ভেটেরিনারি প্র্যাকটিশনার এইরূপ স্বাক্ষর বা সত্যায়ন করিতে পারিবেন।